

ছবি ছবি ভিডিও

উচ্চশিক্ষা

শাবিপ্রবিতে ক্লাস হবে শুক্র-শনিবারও

ইউএনবি



দেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি বিবেচনায় একাডেমিক কার্যক্রমে স্থানীয় রোধে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) বিভিন্ন বিভাগে সাপ্তাহিক ছুটির দিনেও (শুক্র ও শনিবার) ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, এ ছাড়া যেদিন হরতাল-অবরোধ থাকবে না, সেদিনও ক্লাস-পরীক্ষা নেওয়া হবে।

গতকাল মঙ্গলবার দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন ও বিভাগীয় প্রধানদের নিয়ে এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক মো. কবির হোসেন বলেন, দেশের বর্তমান পরিস্থিতিতে শুক্র ও শনিবার অবরোধ না থাকায় এ দুই দিন বিভিন্ন বিভাগে সরাসরি ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হবে। তিনি আরও বলেন, বাকি দিনগুলোয় অবরোধ না থাকলে সরাসরি শিক্ষার্থীদের ক্লাস পরীক্ষা নেওয়ারও নির্দেশ দেওয়া হয়েছে। এ ছাড়া আগামী ২০ ডিসেম্বরের মধ্যে চলমান সেমিস্টারের ফাইনাল পরীক্ষা সম্পন্ন করতে হবে।

এদিকে নভেম্বরের শুরুতে সারা দেশে অবরোধ (শুক্র-শনিবার ছাড়া) কর্মসূচি পালন করছে বিএনপিসহ কয়েকটি রাজনৈতিক দল। আজ বুধবার ভোর ছয়টা থেকে অবরোধ শুরু হয়েছে। দুই দিনের সড়ক, রেল ও নৌপথে এ অবরোধ আগামী শুক্রবার ভোর ছয়টায় শেষ হবে। এর মধ্যে বিশ্ববিদ্যালয় ও শিক্ষাপ্রতিষ্ঠানে ক্লাস ও পরীক্ষা চলছে। তবে স্বাভাবিক সময়ের চেয়ে উপস্থিতি কিছুটা কম।

 **প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো**
করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ১৯৯৮-২০২৩ প্রথম আলো